Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-650
বিষয়: ফ্লি মার্কেট (ভাসমান বাজার)
শ্রেণি: শিক্ষার্থী
ইস্যুর তারিখ: 29 জুন, 2009

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান 1 মে, 1998 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-650 কে রহিত করে।

এই প্রবিধান সেসব পরিস্থিতির জন্য নিয়ম বেঁধে দেয় যার অধীনে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন-এর সম্পত্তিতে প্রাথমিকভাবে পাবলিক স্কুলগুলোর সুবিধার্থে তহবিল সংগ্রহের উদ্দেশ্যে ফ্লি মার্কেট (ভাসমান বাজার) ও অন্যন্য নির্দিষ্ট কিছু ফ্লি মার্কেট-এর মতো কর্মসূচির উদ্যোগ গ্রহণ ও পরিচালনা করা যেতে পারে।

পরিবর্তনসমূহ:

- এটা যে স্কুলের ভালোর জন্য করা হচ্ছে, সেটা নিশ্চিত করার জন্য 12 দিনের অধিককাল স্থায়ী কোনো ফ্লি মার্কেটের প্রস্তাব অবশ্যই OFEA এবং সংশ্লিষ্ট সুপারিনেটেনডেন্ট কর্তৃক পর্যালচনাকৃত হতে হবে।
- যে প্যারেন্ট অ্যাসোসিয়েশন ফ্লি মার্কেটের মাধ্যমে তহবিল সংগ্রহ করবে, তার রিপোর্ট প্রদানের বাধ্যবাধকতা পরিমার্জিত হয়েছে।
- যদি আর্থিক দায়বদ্ধতার বাধ্যবাধকতার সাথে সামঞ্জস্যবিধান না করে কোনো প্যারেন্ট অ্যাসোসিয়েশন একটি ফ্লি মার্কেটের মাধ্যমে তহবিল সংগ্রহ করে, তাহলে সে তহবিল সরাসরি স্কুল নিয়ন্ত্রিত কোনো একটি অ্যাকাউন্টে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হতে পারে।
- প্রতি পঞ্জিকা বছরে প্রতিযোগিতামূলক অনুরোধ-উপরোধের প্রয়োজন হয়না, এমন ফ্লি মার্কেট আয়োজনের সংখ্য দশ (10) থেকে বাড়িয়ে বারোটি (12) করা হয়েছে।
- স্কুল সাইটটিতে পিতামাতাদের অ্যাসোসিয়েশনগুলোর সমন্বয়ে গঠিত কর্পোরেশনের শর্ত অনুযায়ী মঞ্জুরি লাভের উদ্দেশ্যে ফ্লি মার্কেট পরিচালনার জন্য প্রতিযোগিতামূলক অনুরোধ-উপরোধের প্রক্রিয়ার যে একটি ব্যতিক্রমী পদ্ধতি ছিল, সেটি বাদ দেওয়া হয়েছে। একটি পঞ্জিকা বছরে যে ফ্লি মার্কেট পরিচালিত হবে 12 দিনের বেশি দিন ধরে পরিচালিত হবে, সেটাকে অবশ্যই প্রতিযোগিতামূলক অনুরোধ-উপরোধ প্রক্রিয়ার সাথে সামঞ্জস্য রেখে পরিচালিত হতে হবে।



T&I 31976 Chancellor Regulation A-650 (Bangla)

**চ্যান্সেলরের প্রবিধান**

নম্বর: A-650

বিষয়: ফ্লি মার্কেট (ভাসমান বাজার)

শ্রেণি: শিক্ষার্থী

ইস্যুর তারিখ: 29 জুন, 2009


**সার-সংক্ষেপ**

এই প্রবিধানের উদ্দেশ্য হলো পাবলিক স্কুলসমূহকে তাদের অর্থায়ন জোরদার করার জন্য সুযোগ সম্প্রসারণ করা। প্রবিধানটি সেসব পরিস্থিতির জন্য নিয়ম বেঁধে দেয় যার অধীনে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন ("DOE")-এর সম্পত্তিতে প্রাথমিকভাবে পাবলিক স্কুলগুলোর সুবিধার্থে তহবিল সংগ্রহের উদ্দেশ্যে ফ্লি মার্কেট (ভাসমান বাজার) ও সিটি মার্কেটের মতো কর্মসূচির উদ্যোগ গ্রহণ ও পরিচালনা করা যেতে পারে। এই প্রবিধান শুধু এখানে প্রদান করা সংজ্ঞা অনুযায়ী ফ্লি মার্কেট ও সিটি মার্কেট প্রোগ্রামের উপর প্রযোজ্য হবে। স্কুলের অন্যান্য ফান্ড রেইজিং কর্মকাণ্ড অব্যাহতভাবে পরিচালিত হবে প্রযোজ্য চ্যান্সেলরের প্রবিধান অনুযায়ী।


## I. ভূমিকা

A. এই প্রবিধানের উদ্দেশ্য হলো স্পনসররকারী পিতামাতা অ্যাসোসিয়েশনগুলো যে প্রক্রিয়া ফ্লি মার্কেট পরিচালনা করতে পারবে বা পরিচালনার জন্য চুক্তিবদ্ধ হতে পারবে, তার সংজ্ঞার স্পষ্ট ব্যাখ্যা দেওয়া।

B. একটি ফ্লি মার্কেট বা সিটি মার্কেট কর্মসূচি পরিচালনার জন্য DOE-এর সম্পত্তি ব্যবহার করা নিষিদ্ধ হবে যদি না ফ্লি মার্কেট বা সিটি মার্কেট কর্মসূচি এই প্রবিধানের প্রযোজ্য ধারার সাথে সামঞ্জস্য বিধান করে শুরু ও পরিচালনা করা হয়।

C. যে কোনো সময় পরিসরের জন্য ফ্লি মার্কেট পরিচালনা বা সিটি মার্কেট প্রোগ্রাম থেকে ভেন্ডর ও ফ্লি মার্কেট অপারেটরসহ বেসরকারি প্রতিষ্ঠানের লাভ এ ধরনের ফ্লি মার্কেট বা সিটি মার্কেট কর্মসূচি হতে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের লাভের তুলনায় অবশ্যই হতে হবে গৌণ, অন্যথায় DOE সম্পত্তি ব্যবহারের জন্য পারমিট (অনুমোদন) দেবে না।

D. প্রাথমিকভাবে এবং যে কোনো চুক্তি নবায়নের আগে, স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে অবশ্যই DOE-এর অফিস ফর ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড এডভোকেসি ("OFEA")-এর সেন্ট্রাল ডিভিশনের কাছে স্কুলের স্বার্থে সবচেয়ে লাভজনক বলে নিশ্চয়তা দিয়ে 12-এর চাইতে বেশি দিন স্থায়ী একটি ফ্লি মার্কেট আয়োজনের একটি প্রস্তাব দিতে হবে।

## II. ব্যবহৃত পরিভাষার সংজ্ঞা

A. ফ্লি মার্কেট (ভাসমান বাজার)

"ফ্লি মার্কেট" (ভাসমান বাজার) পদটিকে একটি বাণিজ্যিক উদ্যোগ, যা DOE-এর সম্পত্তিতে স্কুলের সময়ের বাইরে পরিচালিত কর্মসূচি যাতে বেসরকারি ভেন্ডর (বিক্রেতা) দ্বারা পণ্য এবং/অথবা পরিষেবা বেচা-কেনার সংশ্লিষ্টতা থাকে, যেখানে DOE-এর সম্পত্তি ব্যবহারের জন্য মূল্য এবং/অথবা ভেন্ডরদের বিক্রির একটি অংশ

ভেন্ডরদের কাছ থেকে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে দেওয়া হয় নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলের জন্য অনুদান হিসেবে আদায় করার উদ্দেশ্যে।

B. সিটি মার্কেট

উপরে "ফ্লি মার্কেট"-এর সংজ্ঞার আওতায় পড়ে যেসব বাণিজ্যিক উদ্যোগ, সেগুলো যদি বাড়তি আর্থসামাজিক লাভেরও সুযোগ দেয় এবং মেয়রের অধ্যাদেশ মেনে (যেমন গ্রিন মার্কেটগুলো পরিচালিত হয় 'এনভায়রনমেন্ট অভ নিউ ইয়র্ক সিটি' সংক্রান্ত কাউন্সিল) এজেন্সিগুলো দ্বারা পরিচালিত হয়, পরবর্তিতে সেগুলোকে একত্রে 'সিটি মার্কেট প্রোগ্রাম বলে উল্লেখ করা হবে।

C. স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন

"স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন" (Sponsoring Parent Association) পদটির অর্থ এক বা একাধিক পিতামাতার সম্মিলন যা চ্যান্সলরের প্রবিধান A-660-এ ঠিক করে দেওয়া হয়েছে, যার উদ্দেশ্য হলো নিম্নলিখিতভাবে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলসমূহের জন্য তহবিল সংগ্রহ করা: 1) DOE-এর সম্পত্তির উপর একটি ফ্লি মার্কেট বা সিটি মার্কেট প্রোগ্রাম পরিচালনা করা; কিংবা 2) DOE -এর সম্পত্তির উপর একটি ফ্লি মার্কেট  পরিচালনার জন্য কোনো বেসরকারি ভেন্ডরের সাথে চুক্তি করা। এই প্রবিধানের বাইরে পদটির কোনো আইনি বা অন্য কোন প্রয়োগ নেই।

## III. এক থেকে বারো দিন স্থায়ী একটি ফ্লি মার্কেট (ভাসমান বাজার) পরিচালনার নিয়মাবলী

A. প্রতি বছর এক থেকে বারো (12) দিনের জন্য একটি ফ্লি মার্কেট পরিচালনার জন্য DOE-এর সম্পত্তি ব্যবহারের আবেদন করতে অবশ্যই নিম্নলিখিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে:

1. এই সীমিত সময়ব্যাপী একটি ফ্লি মার্কেট পরিচালনা করতে একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের জন্য একটি প্রতিযোগিতামূলক অনুরোধ-উপরোধ ইস্যুর প্রয়োজন নেই।
2. একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন হয় স্বেচ্ছাকর্মী পিতামাতাদের কাজে লাগাবে, না হয় কোনো বেসরকারি প্রতিষ্ঠানের পরিষেবা নিযুক্তির দ্বারা ফ্লি মার্কেট পরিচালনা করতে দেবে।
3. একটি বেসরকারি প্রতিষ্ঠান দ্বারা কোনো ফ্লি মার্কেট পরিচালনা করা এই প্রবিধানের সেকশন IV-এ দেওয়া চুক্তির শর্তের সাথে বস্তুনিষ্ঠভাবে সামঞ্জস্য বিধান করে তৈরি করা চুক্তি বাস্তবায়নের উপর নির্ভরশীল।
4. একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে অবশ্যই ফ্লি মার্কেটের মাধ্যমে সংগঁহীত অর্থ কীভাবে ব্যবহার করা হবে, তার একটি সংক্ষিপ্ত, লিখিত বিবৃতি তৈরি করতে হবে এবং সেটাকে অনুমোদনের জন্য সংশ্লিষ্ট যেসব স্কুলে তা আয়োজন করা হবে এবং/অথবা অর্জিত অর্থ ভাগাভাগি করা হবে, সেসব স্কুলের(গুলোর) প্রিন্সিপ্যালের(দের) কাছে জমা দিতে হবে। প্রত্যেক প্রিন্সিপ্যালের লিখিত অনুমোদন লাভ করার পর স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে অবশ্যই লিখিত আবেদন যথাযথ সুপারিনটেনডেন্ট ও OFEA-এর কাছে জমা দিতে হবে।
5. সুপারিনটেনডেন্ট বা OFEA বাড়তি কাগজপত্র চাইতে পারেন যাতে নিশ্চিত হতে পারেন যে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের তুলনায় ভেন্ডর/পরিচালকদের লাভ তুলনামুলকভাবে গৌণ।
6. ফ্লি মার্কেটের সকল ভেন্ডরদের অবশ্যই যথাযথ লাইসেন্স ও রেজিস্ট্রেশন থাকতে হবে।

7. ফ্লি মার্কেটের সাথে সংযুক্ত যে অর্থ বা স্বত্বমূল্য স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন লাভ করবে, সেটাকে অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান A-660-এ প্রতিষ্ঠিত নীতি ও পদ্ধতির সাথে সামঞ্জস্য রেখে বাজেট করা ও ব্যয়নির্বাহ করা হতে হবে।

## IV. প্রতিযোগিতামূলক অনুরোধ-উপরোধ প্রক্রিয়া/প্রস্তাব আহ্বান (“RFP”)-এর মাধ্যমে বারো দিনের অধিককালব্যাপী স্থায়ী ফ্লি মার্কেট পরিচালনা করা

A. একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন যারা বছরে বারো (12) দিনের অধিককালব্যাপী স্থায়ী একটি ফ্লি মার্কেট আয়োজন করতে আগ্রহী, তাদেরকে অবশ্যই প্রতিযোগিতামূলক অনুরোধ-উপরোধ প্রক্রিয়ার মাধ্যমে একটি ফ্লি মার্কেট অপারেটর সার্ভিস নিয়োগ দিতে হবে। একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে অবশ্যই ফ্লি মার্কেটের মাধ্যমে সংগৃহীত অর্থ কীভাবে ব্যবহার করা হবে, তার একটি সংক্ষিপ্ত, লিখিত বিবৃতি তৈরি করতে হবে এবং সেটাকে অনুমোদনের জন্য সংশ্লিষ্ট যেসব স্কুলে তা আয়োজন করা হবে এবং/অথবা অর্জিত স্বত্বমূল্য ভাগাভাগি করা হবে, সেসব স্কুলের(গুলোর) প্রিন্সিপ্যালের(দের) কাছে জমা দিতে হবে। প্রত্যেক প্রিন্সিপ্যালের লিখিত অনুমোদন লাভ করার পর স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে অবশ্যই লিখিত আবেদন যথাযথ সুপারিনটেনডেন্ট ও OFEA-এর কাছে জমা দিতে হবে।

B. সুপারিনটেনডেন্ট বা OFEA বাড়তি কাগজপত্র চাইতে পারেন যাতে নিশ্চিত হতে পারেন যে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের তুলনায় ভেন্ডর/পরিচালকদের লাভ তুলনামুলকভাবে গৌণ।

C. স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে অবশ্যই একটি RFP তৈরি করতে হবে যা মঞ্জুরী লাভের মানদণ্ড প্রতিষ্ঠা করে দেবে।

1. RFP যা নির্দিষ্ট করে উল্লেখ করবে:

a. ফ্লি মার্কেট পরিচালনায় ফ্লি মার্কেট অপারেটরের দায়বদ্ধতা;

b. সে প্রস্তাবটিকে অবশ্যই হয় একটি স্থির ধার্য করা দর-এর উপর ভিত্তি করে হতে হবে, না হয় ফ্লি মার্কেট থেকে অপারেটরের মোট আয়ের একটি শতকরা হার ভিত্তিক হতে হবে, যে ক্ষেত্রে যতোক্ষণ না মোট আয় করা অর্থ থেকে একটি ন্যূনতম নিশ্চিত ডলারের পরিমাণের কথা প্রস্তাবে বিবৃত হবে যা স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে দেওয়া হবে, ততক্ষণ পর্যন্ত একটি প্রস্তাব বিবেচনা করা হবে না;

c. যদি মোট আয় থেকে একটি নির্দিষ্ট হার প্রদানের প্রসঙ্গ প্রস্তাবে সংশ্লিষ্ট থাকে, তাহলে প্রস্তাবটিতে অবশ্যই সবিস্তার বর্ণনা থাকতে হবে এই মর্মে যে, কীভাবে রেকর্ড (নথি) তৈরি ও সংরক্ষণ করা হবে যার দ্বারা মোট আয়ের প্রতিফলন ঘটানো হবে এবং সেটাকে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন ও DOE-এর পর্যালোচনার জন্য উন্মুক্ত রাখা হবে; এবং

d. স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন চুক্তিবদ্ধ হতে পারে সেই যোগ্যতাসম্পন্ন প্রস্তাবদাতার সাথে, যার প্রস্তাব ফ্লি মার্কেট থেকে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের জন্য ন্যূনতম হিসেবে, সবচেয়ে বেশি পরিমাণ অর্থ প্রদানের নিশ্চয়তা দেবে, তার সাথে, সেটা বছাড়াও RFP-তে সুনির্দিষ্টভাবে বর্ণিত বাড়তি মানদণ্ডের ভিত্তিতে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন অন্য কোনো যোগ্য প্রতিযোগী প্রস্তাবকারীর সাথেও চুক্তি করতে পারে। কেনো এভাবে অন্যান্য মানদণ্ডের ভিত্তিতে প্রস্তাবদাতা নিযুক্ত করা হলো, স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে অবশ্যই তার কারণ(গুলো) লিখিতভাবে উল্লেখ করতে হবে।

D. DOE-এর ডিভিশন অভ কন্ট্রাক্টস্ অ্যান্ড পারচেসিং সিটি রেকর্ডে RFP-টির বিজ্ঞাপন প্রকাশ করবে দশ (10) দিনের জন্য।

E. DOE-এর ডিভিশন অভ কন্ট্রাক্টস্ অ্যান্ড পারচেসিং সিল করা প্রস্তাবগুলো নির্ধারিত প্রস্তাব উন্মুক্ত করার তারিখে খুলবে।

F. স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন প্রস্তাবগুলো মূল্যায়ন করবে এবং OFEA-এর কাছে একটি চুক্তিকারক প্রস্তাবদাতার সুপারিশ করবে।

G. OFEA চুক্তিকারক প্রস্তাবদাতার অনুমোদন দেবে এবং চ্যান্সলের বা তার স্থলাভিষিক্ত ব্যক্তির কাছে একটি রিকোয়েস্ট ফর অথরাইজেশন (স্বীকৃতিদানের অনুরোধ, "RA") পাঠাবে। RA-তে নির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে:

   1. স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন কতটি প্রস্তাব পেয়েছে; এবং
   2. প্রযোজ্য হলে, সর্বোচ্চ পরিমাণ ডলার প্রদানের নিশ্চয়তা প্রদানকারী প্রস্তাবদাতা ছাড়া অন্য প্রস্তাবদানকারীকে বেছে নেওয়ার করাণসমূহ।

H. যেক্ষেত্রে উপরের রূপরেখা অনুযায়ী একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন একটি চুক্তিকারক প্রস্তাবদাতা ঠিক করেছে এবং যেক্ষেত্রে এ ধরেনর চুক্তিকারক প্রস্তাবদাতা নিযুক্তি DOE-এর দ্বারা গৃহীত হয়েছে, সেক্ষেত্রে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের অনুরোধে অবশ্যই DOE-এর অফিস অভ লিগ্যাল সার্ভিসেস-এর দ্বারা স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে একটি প্রমিতমান চুক্তিতে আবদ্ধ হতে হবে। অফিস অভ লিগ্যাল সার্ভিসেস-এর কাছে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের দেওয়া অনুরোধের সাথে অবশ্যই চুক্তিকারক প্রস্তাবদাতার পক্ষে অনুমোদনের RA-এর অনুলিপি জমা দিতে হবে। প্রমিতমান চুক্তি বাস্তবায়ন করা হলো DOE-এর সম্পত্তিতে কোনো ফ্লি মার্কেট পরিচালক নিয়োগের পূর্বশর্ত।

I. কোনো পরিচালক নিয়োগে চুক্তির শর্ত হতে হবে দুই (2) বছর মেয়াদি, এক (1) বছর করে দুইবার (2) নবায়নের সুযোগসহ। কথিত নবায়ন-এর সুযোগটি ব্যবহৃত হবে শুধু স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের মতামতের উপর ভিত্তি করে। স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন ও ফ্লি মার্কেটের পরিচালকদের মধ্যস্থ সকল চুক্তিতে থাকবে একটি নিয়ম যা স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে যুক্তিসঙ্গত কারণে 90 দিন বা কম সময়ের নোটিস দিয়ে চুক্তি বাতিল করার সুযোগ দেবে।

J. যে ক্ষেত্রে সম্ভব হবে, কোনো চুক্তিতে ফ্লি মার্কেট শুরু ও সমাপ্তির সময়সীমা যেনো DOE-এর অর্থ বছরের সাথে একসাথে হয়। এটা বোধগম্য যে একটি ফ্লি মার্কেট শুরু হতে পারে বছরের মাঝামাঝি; তবে চুক্তি অবশ্যই সমাপ্ত হবে 30 জুন।

K. পরিচালনাকারীর দায়িত্বসমূহের মধ্যে যা যা অন্তর্ভুক্ত আছে:

   1. চুক্তির শর্তের সাথে সামঞ্জস্য রেখে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে অর্থ পরিশোধ করা;
   2. হিসাবের খাতা ও রেকর্ড এবং ফ্লি মার্কেটের পক্ষে অর্জিত সকল আয় এবং ব্যয়ের আনুসাঙ্গিক প্রামাণ্য নথিপত্র সংরক্ষণ করা। যদি ব্যয় করা অর্থ থেকে ফ্লি মার্কেটের লাভের অতিরিক্ত ব্যবসা প্রতিষ্ঠানের লাভ হয়, তাহলে মোট ব্যয়ের অবশ্যই প্রমাণ থাকতে হবে এবং তা স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন ও DOE-এর দেখার সুযোগ থাকতে হবে এবং ব্যয় বরাদ্দের প্রক্রিয়াটি অবশ্যই প্রকাশ করতে হবে;
   3. স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন বা DOE-কে ফ্লি মার্কেট পরিচালনার সাথে সংশ্লিষ্ট সকল রেকর্ড চাহিবামাত্র উপস্থান করতে হবে;

4. ফ্লি মার্কেটের সকল দিকের ব্যবস্থাপনা ও প্রশাসন;
5. স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন, এবং সিটি অভ নিউ ইয়র্ককে বর্ধিত বিমাকৃত পক্ষ হিসেবে নাম উল্লেখ করে পর্যাপ্ত সামগ্রিক দায়বদ্ধতার বিমা করতে ও চালিয়ে যেতে হবে। নিউ ইয়র্ক স্টেট ইনস্যুরেন্স ডিপার্টমেন্ট থেকে লাইসেন্সধারী বিমা কোম্পানি থেকে এ ধরনের বিমা কাভারেজ নিতে হবে। স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের সাথে মিলিত হয়ে আবশ্যিক বিমা কাভারেজের পরিমাণ নির্ধারণ করবে ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ।
6. ফ্লি মার্কেটের নিরাপত্তা ও সুরক্ষা;
7. সাইট কাস্টোডিয়ান দ্বারা নির্দিষ্ট করে দেওয়া উপায়ে ফ্লি মার্কেট সাইটকে পরিচ্ছন্ন রাখা;
8. প্রযোজ্য সকল পারমিট সংগ্রহ করা এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স থেকে প্রমোটার্স পারমিটসহ প্রাসঙ্গিক কোনো ফি থাকলে তা পরিশোধ করা;
9. নিশ্চিত করা যে আলাদাভাবে প্রত্যেক ভেন্ডরদের লাইসেন্স রয়েছে এবং তারা রেজিস্ট্রিকৃত;
10. চুক্তি সই করার সময়ে বার্ষিক নিশ্চিতকৃত চুক্তিমূল্যের এক চতুর্থাংশ (¼) সিকিউরিটি হিসেবে ডিপোজিট জমা দেওয়া কিংবা নিশ্চিতকৃত বার্ষিক পরিশোধিত অর্থের এক চতুর্থাংশের (¼) সমান পারফরম্যান্স বন্ড জমা দেওয়া। বিশেষ পরিস্থিতিতে অনুরোধসাপেক্ষে এই শর্ত প্রত্যাহার করা হতে পারে। যদি পরিচালক শর্তপূরণে অক্ষম হন, তাহলে কথিত সিকিউরিটি ডিপোজিট বা পারফরম্যান্স বন্ড ক্ষতিপূরণ হিসেবে বাজেয়াপ্ত বলে বিবেচিত হবে;
11. জায়গাটি ব্যবহারের জন্য সকল ফি পরিশোধ করবে;
12. প্রতি বছর স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের কাছে ভেন্ডরদের নাম ও যোগাযোগের তথ্যের একটি তালিকা প্রদান করা;
13. ফ্লি মার্কেটের সাথে সংযুক্ত যে অর্থ বা স্বত্বমূল্য স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন লাভ করবে, সেটাকে অবশ্যই ফাইন্যানশিয়াল হ্যান্ডবুক ফর প্যারেন্ট অ্যাসোসিয়েশন্স চ্যান্সেলরের প্রবিধান A-660-এর প্রতিষ্ঠিত নীতি ও পদ্ধতির সাথে এবং নিম্নলিখিত সবগুলোর সাথে সামঞ্জস্য রেখে বাজেট করা ও ব্যয়নির্বাহ করা হতে হবে:
    - চলমান স্কুল বছরের জন্য একটি বিশদ বাজেট (ব্যয় পরিকল্পনা) তৈরি করা। যদি ফ্লি মার্কেট থেকে ধারণাকৃত সকল আয় চলিত স্কুল বছরে ব্যয়িত না হয়, তাহলে পিতামাতাদের কাছে প্রেরিত রিপোর্টে দীর্ঘমেয়াদী ব্যয় পরিকল্পনায় তা অন্তর্ভুক্ত হতে হবে; এবং
    - আলাদা আলাদাভাবে প্যারেন্ট অ্যাসোসিয়েশনগুলোর দ্বারা তাদের সাথে সংশ্লিষ্ট প্রিন্সিপ্যালদের ও OFEA-এর কাছে অনুমোদনের জন্য জমা দেওয়া; এবং
    - প্রতিটি স্কুল বছরের শুরুতে অনুমোদিত বাজেট পিতামাতাদের সংগঠনে জমা দেওয়া।

L. যদি ফ্লি মার্কেট পরিচালকের কোনো সত্তাধিকারী, বোর্ড অভ ডিরেক্টর্স-এর সদস্য, কিংবা পূর্ণকালীন কর্মচারী RFP-তে সাড়া দিয়ে একটি প্রস্তাব জমা দিয়ে থাকেন এবং তিনি যদি চলমান বা সম্প্রতি শিক্ষার্থী ছিলেন এমন একটি স্কুলের যেটি ফ্লি মার্কেটের আয় থেকে লাভবান হয়, তাহলে সংশ্লিষ্ট প্যারেন্ট অ্যাসোসিয়েশন দাপ্তরিকভাবে RFP মূল্যায়ন কমিটিতে অংশগ্রহণ করতে পারবে না। প্রতিটি অংশগ্রহণকারী স্কুল থেকে অনূর্ধ একজনসহ সর্বোচ্চ তিনজন (3) পিতামাতা প্রতিনিধি, RFP মূল্যায়ন কমিটির আলোচনায় অংশগ্রহণ করতে ও ভোটাধিকারহীন সদস্য হিসেবে প্রশ্ন জমা দিতে পারবেন "ঘনিষ্ট আত্মীয়" বলতে বুঝায় পিতামাতা, স্বামী/স্ত্রী, সন্তান, ভাই, বোন, খালা/ফুফু, মামা/চাচা, ভাগ্না/ভাগ্নি, ভাতিজা/ভাতিজি, দাদা/দাদু, নানা/নানু, নাতি/নাতনী,

অথবা এদের কারো স্বামী/স্ত্রী কিংবা ছেলেমেয়ে। তদুপরি, যদি কোনো ফ্লি মার্কেট পরিচালক প্রতিযোগিতামূলক দরকষাকষি প্রক্রিয়ার মাধ্যমে বাছাইকৃত হন, এবং স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন সদস্যরা RFP মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করে থাকেন, তাহলে ফ্লি মার্কেট থেকে সুবিধাভোগী স্কুলগুলোর কোনোটির কোনো বর্তমান বা সাম্প্রতিক শিক্ষার্থীর ঘনিষ্ট আত্মীয় নির্বাচিত ফ্লি মার্কেট পরিচালকের কোনো সত্তাধিকারী, বোর্ড অভ ডিরেক্টর্স-এর সদস্য, কিংবা পূর্ণকালীন কর্মচারী হতে পারবেন না, যেক্ষেত্রে এ ধরনের প্রতিষ্ঠানের ফ্লি মার্কেটি পরিচালনার চুক্তিবদ্ধ আছে। এই প্যারাগ্রাফে ব্যবহার অনুযায়ী "সাম্প্রতিক শিক্ষার্থী" বলতে বুঝায় একজন শিক্ষার্থী যে RFP বাছাই প্রক্রিয়াকালে স্কুলে অবস্থান করছিল, কিন্তু এখন আর সে স্কুলে উপস্থিত নেই।

V. **স্থায়িত্বকাল বা পরিচালনাগত কাঠামো বিবেচনা ব্যতিরেকে সকল ফ্লি মার্কেট পরিচালনার দায়বদ্ধতা, অভ্যন্তরীন নিয়ন্ত্রণ এবং তদারকি**

A. যে স্কুলের প্যারেন্ট অ্যাসোসিয়েশনস্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের সদস্য, সেগুলোর প্রিন্সিপ্যালদেরকে অবশ্যই প্যারেন্ট অ্যাসোসিয়েশনের আলোচনায় অন্তর্ভুক্ত করতে হবে এবং ফ্রি মার্কেট পরিচালনা থেকে সংগৃহীত অর্থ বা আদায়কুত সত্তমূল্য ব্যবহারে সম্মত হতে হবে।

B. আয় ও ব্যয়ের রিপোর্ট, সার্টিফায়েড অডিট রিপোর্ট ও পর্যালোচনার জন্য অর্থ বছর শুরু হয় 1 জুলাই এবং শেষ হয় 30 জুন। আয় ও ব্যয় অবশ্যই লেনদেনের হিসাব রাখতে হবে উপচিতি ভিত্তিক (accrual basis) পদ্ধতিতে।

C. ফ্লি মার্কেটের পরিচালক, সেটি হতে পারে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন (বছরে বারো দিনের কম সময়ের ফ্লি মার্কেট হলে) কিংবা কোনো বেসরকারি প্রতিষ্ঠান, তাদেরকে অবশ্যই মূল রসিদসহ সকল নগদ অর্থের রসিদ ও পাওনা পরিশোধ করার সহায়ক নথিপ্রমাণ সংরক্ষণ করতে হবে।

D. ফ্লি মার্কেট পরিচালনা থেকে অর্থ যা কোনো স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে পরিশোধ করা হয়, সেসব অর্থ অবশ্যই স্পন্সরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন পরিচালিত ব্যাংক অ্যাকাউন্টে জমা দিতে হবে এবং আলাদাভাবে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের নগদ হিসাবের খাতায় (লেজারে) রেকর্ড করে রাখতে হবে এবং তাদের আর্থিক বিবরণে চিহ্নিত করতে হবে। যদি কোনো ফ্লি মার্কেটের তহবিলের হিসাব নিয়ম অনুযায়ী সংরক্ষিত না হয়, তাহলে OFEA-এর বিবেচনা অনুযায়ী এ ধরনের তহবিল পরিচালনার জন্য নিম্নলিখিত নিয়ম মেনে স্কুলের অ্যাকাউন্টে জমা দেওয়া হবে:

- পরিচালক স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন-এর নামে উত্তোলনযোগ্য একটি চেক লিখে দেবেন;
- পরিচালক চেকটি দেবেন প্রিন্সিপ্যালের কাছে;
- সই দেওয়ার জন্য স্বীকৃত স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের কর্মকর্তা চেকটিকে স্কুলের অ্যাকাউন্টে জমাদানের জন্য অনুমোদন দেবেন;
- তহবিল ব্যয় করা হতে পারে শুধু স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের সাথে আলোচনাক্রমে এবং ডিপার্টমেন্টের 'স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউরস ম্যানুয়াল'-এর 'জেনারেল স্কুল ফান্ডস্' অধ্যায়ের নিয়ম প্রতিপালন করে; এবং
- স্কুল সম্পাদিত ব্যয়ের সমর্থনে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের জন্য সংশ্লিষ্ট ব্যাংক রেকর্ড ও নথিপ্রমাণের অনুলিপি প্রদানের জন্য প্রস্তুত রাখবে।

E. বার্ষিক সত্যায়িত অডিট/আর্থিক বিবরণ

1. স্থায়ীত্বকালের ভেদ না করে সকল ফ্লি মার্কেটের ক্ষেত্রে, পরিচালক ও স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে অবশ্যই 30 জুন মাসে সমাপ্ত হওয়া অর্থ বছরের প্রাসঙ্গিক আর্থিক রেকর্ডের একটি

সত্যায়িত অডিট সংগ্রহ করতে হবে ত্রিবার্ষিকভাবে, যদি না নিচের নিয়মে এ ধরনের বাধ্যবাধকতা থেকে অফিস অভ অডিটর জেনারেল (OAG) অব্যাহতি দিয়ে থাকেন। অন্তর্বর্তী বছরগুলোতে একজন নিরপেক্ষ অ্যাকাউন্টেন্টকে অবশ্যই একটি পর্যালোচনা সম্পন্ন করতে হবে।

2. যেসব ফ্লি মার্কেটের বাৎসরিক আয় $100,000-এর কম, সেসব ফ্লি মার্কেটের জন্য OAG ইচ্ছা করলে সত্যায়িত অডিটের বাধ্যবাধকতা অপসারণ করতে পারবে। তবে, যদি এ ধরনের বাধ্যবাধকতা অপসারিত হয়, তাহলে সত্যায়িত অডিটের স্থলে একজন নিরপেক্ষ অ্যাকাউন্টেন্ট দ্বারা হিসাব পর্যালোচনা করাতে হবে।

3. বেসরকারি পরিচালকের দায়িত্ব হলো একটি সত্যায়িত অডিটকারী বা পর্যালোচনাকারীর কাছ থেকে প্রাপ্ত রিপোর্ট স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের কাছে জমা দেওয়া। স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন রিপোর্টগুলো সংগ্রহ করতে ও সুপারিনটেনডেন্ট বা ভারপ্রাপ্ত ব্যক্তি, পিতামাতাদের সংগঠন, OAG এবং OFEA-এর কাছে অর্থ বছর সমাপ্তির (31 অক্টোবর) চার (4) মাসের মধ্যে জমা দিতে দায়বদ্ধ। এ ধরনের রিপোর্টগুলো ডিপার্টমেন্ট কর্তৃক অডিটসাপেক্ষ।

4. যেক্ষেত্রে রিপোর্ট প্রদানের নির্ধারিত সময়ে একাধিক পরিচালক ফ্লি মার্কেট পরিচালনা করেন, সেক্ষেত্রে তাদের প্রত্যেককে একটি করে রিপোর্ট জমা দিতে হবে যাতে তাদের প্রত্যেকের পরিচালনাকালটিকে রিপোর্টে অন্তর্ভুক্ত করা যায়। স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে অবশ্যই আলাদাভাবে প্রত্যেক পরিচালকের আয়কে আলাদভাবে চিহ্নিত করতে হবে।

5. যদি আবশ্যিক রিপোর্টগুলো জমাদান করা না হয়, তাহলে OFEA-কে অবশ্যই স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন কর্তৃক প্রাপ্ত ফ্লি মার্কেটের তহবিল স্কুল কর্তৃক নিয়ন্ত্রিত আলাদা একটি অ্যাকাউন্টে উপরে V.D, সেকশনের জেনারেল স্কুল ফান্ড অধ্যায়ে ডিপার্টমেন্টের স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর-এর রূপরেখা অনুযায়ী জমা দিতে নির্দেশ দিতে হবে।

6. ত্রৈমাসিক রিপোর্ট

   a. ফ্লি মার্কেটের ত্রৈমাসিক আয় ও ব্যয়ের রিপোর্টগুলো বারো (12) দিন বা এর চাইতে কম সময়ের জন্য প্রদান করা বাধ্যতামূলক নয়। তবে এ ধরনের কর্মকাণ্ড থেকে যে আয় ও ব্যয়ের হিসাব পাওয়া যায়, সেগুলোকে অবশ্যই চিহ্নিত করতে এবং স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের সদস্যভুক্ত প্যারেন্ট অ্যাসোসিয়েশনগুলোর অন্তর্বর্তী ও বার্ষিক আর্থিক বিবরণীতে উল্লেখ করতে হবে।

   b. বারো (12) দিনের চাইতে বেশি দিন স্থায়ী ফ্লি মার্কেট হলে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন এবং পরিচালক উভয়কে অবশ্যই OFEA প্রদত্ত ফর্ম্যাটে ত্রৈমাসিক আয় ও ব্যয়ের রিপোর্ট জমা দিতে হবে। আয় ও ব্যয় অবশ্যই লেনদেনের হিসাব রাখতে হবে উপচিতি ভিত্তিক (accrual basis) পদ্ধতিতে। যদি কোনো নির্দিষ্ট কোয়ার্টারে (তিন মাসে) কোনো ব্যবসা না হয়, তাহলে সে অবস্থার কথা ফর্ম-এ অবশ্যই উল্লেখ করতে হবে। এসব রিপোর্ট অবশ্যই ত্রৈমাসিক পর্ব অতিক্রান্ত হওয়ার এক মাস পরে OFEA-এর কাছে জমা দিতে হবে।

   c. যেক্ষেত্রে একটি ত্রৈমাসিক পর্বে একাধিক পরিচালক ফ্লি মার্কেট পরিচালনা করেন, সেক্ষেত্রে তাদের প্রত্যেককে একটি করে রিপোর্ট জমা দিতে হবে যাতে তাদের প্রত্যেকের পরিচালনাকালটিকে রিপোর্টে অন্তর্ভুক্ত করা যায়। স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে অবশ্যই আলাদাভাবে প্রত্যেক পরিচালকের আয়কে আলাদভাবে চিহ্নিত করতে হবে।

d. যদি আবশ্যিক ত্রৈমাসিক আয় ও ব্যয়ের রিপোর্টগুলো জমাদান করা না হয়, তাহলে OFEA-কে অবশ্যই স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন কর্তৃক প্রাপ্ত ফ্লি মার্কেটের তহবিল স্কুল কর্তৃক নিয়ন্ত্রিত আলাদা একটি অ্যাকাউন্টে উপরে V.D, সেকশনের জেনারেল স্কুল ফান্ড অধ্যায়ে ডিপার্টমেন্টের স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর-এর রূপরেখা অনুযায়ী জমা দিতে নির্দেশ দিতে পারে।

7. অর্থের ব্যবহার

একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন যে কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টের স্কুলের পরিসীমানার অভ্যন্তরে একটি ফ্লি মার্কেট বা সিটি মার্কেট কর্মসূচি পরিচালনা করছে, সেটি মার্কেট থেকে একই ডিস্ট্রিক্টের আওতাধীন অন্যান্য পাবলিক স্কুলের উন্নয়নের জন্য সংগৃহীত তহবিল ব্যবহার করতে পারে। একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন যে পাবলিক হাই স্কুলের পরিসীমানার অভ্যন্তরে একটি ফ্লি মার্কেট বা সিটি মার্কেট কর্মসূচি পরিচালনা করছে, সেটি মার্কেট থেকে একই বরোর অভ্যন্তরস্থ অন্যান্য হাই স্কুলের উন্নয়নের জন্য সংগৃহীত তহবিল ব্যবহার করতে পারে। একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন যে একটি সিটিওয়াইড স্পেশাল এডুকেশন স্কুলের পরিসীমানার অভ্যন্তরে একটি ফ্লি মার্কেট বা সিটি মার্কেট কর্মসূচি পরিচালনা করছে, সেটি মার্কেট থেকে একই বরোর অন্যান্য পাবলিক সিটিওয়াইড স্পেশাল এডুকেশন স্কুলের উন্নয়নের জন্য সংগৃহীত তহবিল ব্যবহার করতে পারে।

## VI. একটি ফ্লি মার্কেট বা সিটি মার্কেট প্রোগ্রামে আপত্তিযোগ্য ভেন্ডরদের অংশগ্রহণ নিষিদ্ধ করার প্রক্রিয়া

A. যদি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন নির্ধারণ করে যে, সেই ভেন্ডরের আচরণ বা চরিত্রের কারণে এবং/অথবা বিক্রিত মালামাল বা পরিষেবার কারণে সেই ভেন্ডর আপত্তিযোগ্য, তাহলে একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশনের ক্ষমতা ও দায়বদ্ধতা আছে পরিচালককে মার্কেটের স্থায়ীত্বকাল কতদিন, সেটা বিবেচনা ছাড়া কোনো ফ্লি মার্কেট বা সিটি মার্কেট প্রোগ্রামের কোনো ভেন্ডরের অংশগ্রহণ বন্ধ করার নির্দেশ প্রদানের।

B. একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন কোনো পরিচালককে কোনো ভেন্ডরকে ফ্লি মার্কেট বা সিটি মার্কেট প্রোগ্রামে অংশগ্রহণ বন্ধ করার নির্দেশনা দিলে অবিলম্বে ফ্লি মার্কে বা সিটি মার্কেট প্রোগ্রামে সে ভেন্ডরের অংশগ্রহণে নিষেধাজ্ঞা দিতে হবে। তবে, যদি সে ভেন্ডর অথবা ভেন্ডর কর্তৃক বিক্রিত পণ্য বা পরিষেবা শারীরীক বা সম্পত্তির নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ না হয়, তাহলে স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন সে ভেন্ডরকে পরবর্তী মার্কেট খোলার দিন থেকে পুনরায় ফ্লি মার্কেট বা সিটি মার্কেট প্রোগ্রামে অংশগ্রহণ করতে দিতে পারে, যদি আপত্তিযোগ্য আচরণ, পণ্য এবং অথবা পরিষেবা প্রত্যাহার করা হয় এবং ভেন্ডর মুচলেকা দেন যে সেসব পণ্য বা পরিষেবা পুনরায় ফ্লি মার্কেট বা সিটি মার্কেট প্রোগ্রামে নিয়ে আসবেন না।

C. একটি স্পনসরকারী প্যারেন্ট অ্যাসোসিয়েশন কোনো পরিচালককে কোনো ভেন্ডরকে ফ্লি মার্কেট বা সিটি মার্কেট প্রোগ্রামে অংশগ্রহণ থেকে বিরত রাখার নির্দেশনার বিরূদ্ধে বাতিলকৃত ভেন্ডর নিম্নলিখিত পন্থায় আপিল করতে পারবেন:

- যদি ফ্লি মার্কেট বা সিটি মার্কেট প্রোগ্রামে, যেখানে ভেন্ডর অংশগ্রহণ করেছেন, সেটা অবস্থিত হয় কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট স্কুলে, সিটিওয়াইড স্পেশাল এডুকেশন স্কুলে অথবা হাই স্কুলে, তাহলে ভেন্ডর প্রথমে আপিল করতে পারবেন OFEA-এর কাছে;
- যদি OFEA-এর সিদ্ধান্ত হয় ভেন্ডরের বিপরীতে, তাহলে ভেন্ডর সে সিদ্ধান্তের বিরূদ্ধে আপিল করতে পারবেন ডিভিশন অভ কন্ট্রাক্টস্ অ্যান্ড পারচেসিং-এর এক্সিকিউটিভ ডিরেক্টরের বিরূদ্ধে;

- একটি আপিল নিষ্পত্তির অপেক্ষায় থাকাকালে ভেন্ডরকে যে ফ্লি মার্কেট বা সিটি মার্কেট প্রোগ্রামে অংশগ্রহণে নিষেধ দেয়া হয়েছিল, সেখানে অংশগ্রহণে নিষেধাজ্ঞা বহাল থাকবে।

## VII. পারমিট প্রত্যাহার করা

এই প্রবিধানের নিয়ম কার্যকর করার জন্য চ্যান্সেলর বা ভারপ্রাপ্ত ব্যক্তি পারমিট প্রত্যাহার করার ব্যবস্থা ব্যবহার করতে পারবেন।

## VIII. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of Family Engagement and Advocacy

N.Y.C. Department of Education

49 Chambers Street - Room 503

New York, NY 10007

ফোন: 212-374-2323

ফ্যাক্স: 212-374-0076